

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০২.২২.২২৭

তারিখ: ৪ চৈত্র ১৪৩০

১৮ মার্চ ২০২৪

বিষয়: হোটেল, রেস্টোরাঁ ও রিসোর্ট নিবন্ধন নবায়ন হতে রাজস্ব আদায় বৃদ্ধি ও সেবার মান উন্নয়ন সংক্রান্ত সভায় বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারসহ মাঠ প্রশাসনের কর্মকর্তা এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণের সাথে জুম অ্যাপের মাধ্যমে অংশগ্রহণের পূর্বানুমতি প্রদান।

সূত্র: বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০০৯.০৫.০০৯.২৩-৬৬
তারিখ: ১৩.০৩.২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের (চিত্রপ্রতিলিপি) পরিপ্রেক্ষিতে, চট্টগ্রাম, সিলেট, মৌলভীবাজারসহ অন্যান্য পর্যটন-সংশ্লিষ্ট জেলার হোটেল, রেস্টোরাঁ ও রিসোর্টসমূহের ছাড়পত্র (এনওসি), নিবন্ধন ও লাইসেন্স প্রদান, নবায়ন ও লাইসেন্স বাতিল, মালিকানা ও নাম পরিবর্তন এবং ডুপ্লিকেট লাইসেন্স প্রদানসহ রাজস্ব আদায় ও সেবার মান উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করা আবশ্যিক। এ লক্ষ্যে হোটেল ও রেস্টোরাঁসমূহ পরিদর্শন, নিয়ন্ত্রণ, রাজস্ব আদায়ের পরিমাণ বৃদ্ধি ও সেবার মান উন্নয়নসহ সার্বিক বিষয়ে জুম অ্যাপের মাধ্যমে নিম্নোক্ত শিডিউল মোতাবেক বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব-এঁর সভাপতিত্বে ০৫টি সভা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, ইতোমধ্যে কক্সবাজার ও ঢাকা জেলার সাথে এ বিষয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার তারিখ ও সময় নিম্নরূপ:

ক্রমিক নং	জেলার নাম	সভার তারিখ ও সময়
০১.	রাজশাহী ও রংপুর বিভাগের সকল জেলা	০৩ এপ্রিল ২০২৪ দুপুর ২:০০-৩:০০টা
০২.	খুলনা ও বরিশাল বিভাগের সকল জেলা।	০৪ এপ্রিল ২০২৪ দুপুর ২:০০-৩:০০টা
০৩.	ঢাকা বিভাগের সকল জেলা (ঢাকা জেলা ব্যতীত)	১৬ এপ্রিল ২০২৪ দুপুর ২:০০-৩:০০টা
০৪.	ময়মনসিংহ ও সিলেট বিভাগের সকল জেলা	১৮ এপ্রিল ২০২৪ দুপুর ২:০০-৩:০০টা
০৫.	চট্টগ্রাম বিভাগের সকল জেলা (কক্সবাজার জেলা ব্যতীত)	২৩ এপ্রিল ২০২৪ দুপুর ২:০০-৩:০০টা

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত শিডিউল মোতাবেক বিভাগীয় কমিশনার/অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সকল); জেলা প্রশাসক/সংশ্লিষ্ট জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সকল); সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, স্থানীয় সরকার; উপজেলা নির্বাহী অফিসার (সকল); সহকারী কমিশনার (ভূমি) (সকল) এবং সহকারী কমিশনার (নেজারত বা ব্যবসা-বাণিজ্য শাখা বা সাধারণ শাখা) (সকল)-এর সঙ্গে জুম অ্যাপের মাধ্যমে সভা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

Zoom Details:

Meeting ID: 306 610 3539

Password: mocat

সচিব

সচিবের দপ্তর

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

২১-৩-২০২৪

মোহাম্মদ খোরশেদ আলম খান

যুগ্মসচিব

ফোন: ০২২২৩৩৮১১০৭

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল: faco_sec@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০২.২২.২২৭/১(৭৩)

তারিখ: ৪ চৈত্র ১৪৩০

১৮ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) বিভাগীয় কমিশনার (সকল)

২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

৩) জেলা প্রশাসক (সকল) (জেলার সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে জুম অ্যাপের মাধ্যমে উল্লেখিত সভায় অংশগ্রহণের অনুরোধসহ)



২১-৩-২০২৪

মোহাম্মদ খোরশেদ আলম খান

যুগ্মসচিব